

2 0 1 8

BENGALI

( Major )

Paper : 6.2

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) ‘শেষের কবিতা’ উপন্যাসের প্রথম অধ্যায়ের নাম কী ?
- (খ) “তুমি আমার তাল বদলিয়ে দিয়েছ বন্যা—সেই তালাই তো তোমার সুরে আমার সুরে গাঁথা পড়ল।” বক্তা কে ?
- (গ) কেটি মিটারের আসল নাম কী ?
- (ঘ) ফরাসি ‘মন্‌আমী’ শব্দটির বাংলা প্রতিশব্দ লেখো।
- (ঙ) ‘নিশীথে’ গল্পে জমিদারের নাম কী ?
- (চ) মতিলালবাবু কোন্ গ্রামের জমিদার ?
- (ছ) শুস্তা নদীর প্রসঙ্গ কোন্ গল্পে আছে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

- (ক) অমিতর সঙ্গে ভালোবাসার সম্পর্কে কে 'ঘড়ায়-তোলা জল' আর কে 'দীঘি' ?
- (খ) 'আপদ' গল্পের বাগানবাড়িটি কোথায় এবং কোন্ নদীর ধারে অবস্থিত ?
- (গ) "তোমার এলেকার মধ্যে আবার অসুখ কিসের। তুমি আমার ধনন্তরিণী।" কে, কাকে এ কথা বলেছে ?
- (ঘ) "মাসিমা, ঘটকালি করতে এলেম।" এটি কার উক্তি ? 'মাসিমা'টি কে ?

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) "সমস্ত শিলঙ পাহাড়ের শ্রী আজ চলে গেছে।" কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- (খ) কোটি ও সিসির সঙ্গে লাভণ্য ও যোগমায়ার প্রথম সাক্ষাৎকারের দৃশ্যটি বর্ণনা করো।
- (গ) 'প্রতিহিংসা' গল্পের অন্তে ইন্দ্রাণীকে কেন 'গতভূষণ' বলা হয়েছে ?
- (ঘ) "এই নীল শিশিটা মালিস করিবার, আর এইটি খাইবার। দেখিবেন, দুইটাতে মিলাইবেন না, এ ওষুধটা ভারি বিষ।" 'নিশীথে' গল্পে নীল শিশিটির ভূমিকা কী ?
- (ঙ) 'ক্ষুধিত পাষণ' গল্পে অবলম্বনে অতিপ্রাকৃত পরিবেশের একটি বিবরণ দাও।

- ৪। (ক) "এক সময়ে আমার দৃঢ় বিশ্বাস ছিল যে, আমি নিতান্তই শুকনো—কেবল বই পড়ব আর পাস করব, এমনি করেই আমার জীবন কাটবে। আজ হঠাৎ দেখলুম, আমিও ভালোবাসতে পারি। আমার জীবনে এমন অসম্ভব যে সম্ভব হল, এই আমার ঢের হয়েছে। মনে হয় এতদিন ছায়া ছিলুম, এখন সত্য হয়েছে।" এই মন্তব্যের আলোকে লাভণ্য চরিত্রটি আলোচনা করো। ১০

অথবা

- (খ) 'শেষের কবিতা' উপন্যাসের 'মিলনতত্ত্ব' অথবা 'শেষ সন্ধ্যা' শীর্ষক পরিচ্ছেদের ঘটনা ও ভাবনা তোমার নিজের ভাষায় লেখো।

- ৫। (ক) "প্রথম থেকেই তারাপদর চরিত্রে একটা স্বাতন্ত্র্য ও ব্যতিক্রমী ব্যক্তিত্ব আরোপ করার প্রবণতা দেখিয়েছেন রবীন্দ্রনাথ। ধীরে ধীরে তারাপদর কৈশোরের যে বিকাশ দেখিয়েছেন লেখক তা সচরাচর সাধারণ কিশোরের স্বভাব, ও আচার আচরণের সঙ্গে মেলে না।" এই বক্তব্যের আধারে তারাপদ চরিত্র বিশ্লেষণ করো। ১০

অথবা

- (খ) "যাহাকে চিরকাল কাছে রাখা যাইবে না তাহাকে কিছুদিন আদর দিয়া তাহার মায়া বসিতে দেওয়া ভালো হয় নাই।" উদ্ধৃতিটি অবলম্বনে কিরণময়ী ও নীলকান্তের সম্পর্কটি বিশ্লেষণ করো।

৬। (ক) 'শেষের কবিতা' উপন্যাসে শিলঙের প্রকৃতি কীভাবে  
পরিষ্ফুট হয়েছে তা আলোচনা করো।

১০

অথবা

(খ) 'প্রতিহিংসা' গল্পের ইন্দ্রাণী চরিত্রটি বিশ্লেষণ করো।

★ ★ ★